



মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স এন্ড পলিসি

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ই-মেইল: regoffice@bsmmu.edu.bd, ওয়েব: www.bsmmu.edu.bd



খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি (অক্টোবর- ২০২৪ সেমিস্টার)

১। মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ -এর অক্টোবর ২০২৪ সেমিস্টারের (স্নাতক) “এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল” প্রোগ্রামের নিম্নলিখিত বিষয়সমূহের জন্য খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

২। বিষয়সমূহঃ (ক) Labor Laws of Bangladesh; (খ) Land Laws of Bangladesh – I; (গ) Shipping Laws; (ঘ) Law of Criminal Procedure - I; (ঙ) Law of Civil Procedure – I; (চ) Drafting and Conveyancing; (ছ) Company Law & Artha Rin Adalat Ain; (জ) International Human Rights Law এবং (ঝ) Research Methodology.

৩। শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল /সমমান ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত ন্যূনতম ০৩টি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হবে না।

৪। অভিজ্ঞতাঃ

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হবে।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যূনতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যূনতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হবে।

গ। কর্পোরেট সংস্থা/সরকারি সংস্থা হতে যোগ্য ব্যক্তি/ব্যক্তিবর্গকে শিক্ষক হিসাবে নির্বাচন করার ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

(১) সরকারী সংস্থায় কর্মরত ব্যক্তিবর্গ নিজ প্রতিষ্ঠানে যে পদ/গ্রেডে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদ/গ্রেডে নিযুক্ত হবেন।

(২) কর্পোরেট সংস্থায় নিয়োজিত ব্যক্তিবর্গের ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং ন্যূনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করার জন্য বিবেচিত হবে।

৩) আইন পেশায় কর্মরত ব্যক্তিবর্গকে অগ্রাধিকার প্রদান করা হবে।

ঘ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের (প্রযোজ্য ক্ষেত্রে) অনুমতি/ছাড়পত্র থাকতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে প্রকাশনাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৬। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করা হবে।

৭। একটি সেমিস্টারে একটি কোর্স প্রদানের জন্য খন্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োজিত শিক্ষকবৃন্দকে নিম্নরূপভাবে সম্মানী প্রদান করা হবেঃ

ক্র. নং	পদবী	সম্মানী (প্রতি কন্ট্যাক্ট আওয়ার হিসেবে)	মন্তব্য
১।	অধ্যাপক	২,১০০.০০	সকল সম্মানী উৎসে আয়কর কর্তনযোগ্য
২।	সহযোগী অধ্যাপক	২,০০০.০০	
৩।	সহকারী অধ্যাপক	১,৮০০.০০	
৪।	প্রভাষক	১,৬০০.০০	বিধি মোতাবেক অন্যান্য পারিতোষিক প্রাপ্য হবেন।

(বিশেষ দ্রষ্টব্যঃ আগ্রহী প্রার্থীগণ ০২ সেট আবেদন পত্রের ০১ সেট রেজিস্ট্রার অফিস বরাবর এবং ০১ সেট ডীন অফিস, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স এন্ড পলিসি বরাবর প্রেরণ করবেন।)